শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

# উপজেলা পরিষদ
# গোলাপগঞ্জ, সিলেট

মুজিব

**নভেম্বর / ২০২৩ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদের ৫৬ তম মাসিক সাধারণ সভার কার্যবিবরণী**

সভাপতিঃ জনাব মঞ্জুর কাদির শাফি, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ।
স্থানঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।
সভার তারিখ ও সময়ঃ ১৩ নভেম্বর ২০২৩ খ্রিঃ সকাল ১১.০০ ঘটিকা ।

(সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট "ক" তে সংযুক্ত)

সভার প্রারম্ভে সভাপতি জনাব মঞ্জুর কাদির শাফি উপস্থিত সকলকে স্বাগত জানান। সভাপতির অনুরোধক্রমে উপজেলা নির্বাহী অফিসার সভার কাজ পরিচালনা করেন। সভায় আলোচ্যসূচি অনুযায়ী নিম্নরুপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র. নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | | | সংশ্লিষ্ট কর্তৃপক্ষ |
| ১ | বিগত সভার কাযবিবরণী পাঠ ও অনুমোদন | উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কাযবিবরণী সভায় পাঠ করে শুনান। বিগত সভার কার্যবিবরনীর বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | বিগত সভার কার্যবিবরণীর কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। | |
| ২ | পরিষদে হস্তান্তরিত/ন্যাস্তকৃত বিভাগ সমূহের কাযাবলীঃ | | | |
| ২/১ | স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ | উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় উপস্থিত সম্মানিত সভাপতি ও পরিষদের সকল সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে প্রকৌশলী তার বক্তব্য উপস্থাপন করেন। বক্তব্যের শুরুতে তিনি জানান যে, বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে চলমান রয়েছে। ২০২৩-২০২৪ অর্থ বছরে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল (থোক বরাদ্দ ও রাজস্ব উর্দ্বৃত্ত) দ্বারা বাস্তবায়নের জন্য উপজেলা পরিষদের ৫৫তম সভায় ৮২ (বিরাশি)টি প্রকল্প অনুমোদন করায় পরিষদের সকল সদস্যদের প্রতি ধন্যবাদ জ্ঞাপন করেন এবং অতি শীগ্রই ক্রয় কার্যক্রম গ্রহণ করা হবে মর্মে জানান।<br>উপজেলা প্রকৌশলী আরো জানান যে, গোলাপগঞ্জ উপজেলায় প্রায় ১০৮ জন বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের যথাযথ পরিচর্যা ও পড়ালেখা চালিয়ে নেয়ার লক্ষ্যে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় (অর্থায়নকারী সংস্থা-JICA) (৫ম পর্যায়) উপজেলা পরিষদের পূর্ব পার্শ্বে ৪ কক্ষ বিশিষ্ট একটি একতলা ভবন নির্মাণ করা হয়েছে। JICA প্রকল্পের আওতায় বরাদ্দের পরিমাণ নির্দিষ্ট থাকায় মাটি ভরাট, স্যানেটারী এবং বারান্দার রেলিং সংক্রান্ত বেশ কিছু আইটেম উক্ত প্রাক্কলনে অর্ন্তভূক্ত করা সম্ভবপর হয় নাই। বর্তমানে ভবন নির্মাণ শেষ হলেও ক্লাস শুরু করা সম্ভবপর হচ্ছে না। বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের যথাযথ পরিচর্যা ও পড়ালেখা চালিয়ে নেয়ার লক্ষ্যে ভবনের সামনে মাটি ভরাট, স্যানেটারী আইটেম সংক্রান্ত ও বাচ্চাদের নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে বারান্দার রেলিং এর কাজ বাস্তবায়ন করা অত্যন্ত জরুরী হয়ে পড়েছে বিধায় উক্ত আইটেম সমূহ অর্ন্তভূক্ত করে একটি ৩,৫৭,০০০.০০ (তিন লক্ষ সাতান্ন হাজার) টাকার একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। উক্ত ব্যয় উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে নির্বাহ করা যেতে পারে; যাহা পরিষদ কর্তৃক অনুমোদন প্রয়োজন।<br>উপজেলা প্রকৌশলী আরো জানান যে, উপজেলা পরিষদের ৫৫তম সভায় নারী উন্নয়ন ফোরামের আওতায় নারীদের সাবলম্বী করার লক্ষ্যে বিভিন্ন কর্মসূচীর আয়াজনের জন্য ২,৫০,০০০.০০ (দুই লক্ষ পঞ্চাশ হাজার) টাকা অনুমোদিত হয়। প্রকল্পটি বাস্তবায়নের লক্ষ্যে গত ৫ নভেম্বর ২০২৩ইং তারিখে জনাবা নাজিরা বেগম, মহিলা ভাইস | ৫৫তম সভায় গৃহীত বার্ষিক উন্নয়ন পরিকল্পনা দ্রুত বাস্তবায়নের জন্য প্রকৌশলীকে পরিষদ কর্তৃক অনুরোধ করা হয়। বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের যথাযথ পরিচর্যা ও পড়ালেখা চালিয়ে নেয়ার লক্ষ্যে প্রস্তুতকৃত ৩,৫৭,০০০.০০ (তিন লক্ষ সাতান্ন হাজার) টাকার প্রাক্কলনটি অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয় এবং নারী উন্নয়ন ফোরামের আওতায় নারীদের সাবলম্বী করার লক্ষ্যে বিভিন্ন কর্মসূচীর মধ্যে ১৮টি সেলাই মেশিন ও ৫টি বাই সাইকেল ক্রয় করে বিনামূল্যে বিতরণের জন্য পরিষদ কর্তৃক অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকৌশলী/সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান সকল |

| | | | | |
|---|---|---|---|---|
| | | চেয়ারম্যান ও সভাপতি উপজেলা নারী উন্নয়ন ফোরাম, গোলাপগঞ্জ, সিলেট এর সভাপতিতে এক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ২,৫০,০০০.০০ (দুই লক্ষ পঞ্চাশ হাজার) টাকার মধ্যে সীমাবদ্ধ রেখে ১৮টি সেলাই মেশিন ও ৫টি বাই সাইকেল ক্রয় করে বিনামূলে বিতরণের জন্য নারী উন্নয়ন ফোরামের সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। তৎপ্রেক্ষিতে উক্ত প্রকল্পটি চূড়ান্তভাবে বাস্তবায়নের জন্য পরিষদ কর্তৃক অনুমোদন প্রয়োজন মর্মে তিনি জানান। | | |
| ২/২ | স্বাস্থ্য বিভাগ | সহকারী উপজেলা স্বাস্থ্য ও প.প.কর্মকর্তা সভায় জানান, বহিঃবিভাগে চিকিৎসা প্রাপ্ত রোগীর সংখ্যা ১২৪০০জন, অন্তঃবিভাগে ভর্তিকৃত রোগীর সংখ্যা ৪৭০ জন ইমার্জেন্সি বিভাগে সেবা প্রাপ্ত ১৫৫০ জন, নরমাল প্রসব সেবা ৭৬ জন, যক্ষা রোগী সনাক্ত ৩৭ জন, চক্ষুর এক্সপার্ট পরীক্ষা ৭০ টি, ইসিজি ৮০ টি, সিজারিয়ান অপারেশন ০১ জন।কমিউনিটি ক্লিনিকে জরায়ুমুখ ক্যান্সার স্ক্রিনিং হবে ১৬ হতে ২০ নভেম্বর। সকল চেয়ারম্যান মহোদয়কে এ ব্যাপারে জনসাধারনকে জানানোর জন্য অনুরোধ করা হলো। | বহিঃবিভাগ ও অন্তঃবিভাগের রোগীদের প্রয়োজনীয় চিকিৎসা সেবা প্রদান সহ স্বাস্থ্যসেবা আরও উন্নত করার বিষয়ে পদক্ষেপ নেওয়ার জন্য সহকারী উপজেলা স্বাস্থ্য ও প.প. কর্মকর্তা সচেষ্ট থাকবেন | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা স্বাস্থ্য ও প.প কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/৩ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান, সেপ্টেম্বর/২৩মাসে মোট সক্ষম দম্পত্তির সংখ্যা ৫০১৫৬ জন, মোট পদ্ধতি গ্রহনকারীর সংখ্যা ৩৯৮৮০ জন, হার ৭৯.৫১%। গর্ভকালীন সেবা ৭৯৪ জন, প্রসব সেবা ৭৭ জন, গর্ভোত্তর সেবা ৩৪৭ জন, শিশু সেবা ৬৪১ জন, রোগী ৩২৪৯ জন, জীবিত জন্মের সংখ্যা ২৩৪জন, মৃত্যুর সংখ্যা ৭৫ জন, সর্বমোট গর্ভবতী ২০৩৪ এবং মোট প্রবাসী দম্পতি ৫৫৮৮ জন। | পরিবার পরিকল্পনা মা ও শিশু স্বাস্থ্য কার্যক্রমের ধারবাহিকতা আরও সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প.প. কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/৪ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান, কৃষি সম্প্রসারন অধিদপ্তর গোলাপগঞ্জ, রবি মৌসুমকে সামনে রেখে বিভিন্ন পরিকল্পনা গ্রহন করেছে। এ মৌসুমে ৬৮৭ হে. জমিতে সরিষা আবাদের লক্ষ্যমাত্রা ধরা হয়েছে। দ্রুত আমন ধান কর্তনে জনসচেতনতা তৈরির জন্য দৃষ্টি আকর্ষন করা হয়।কোনো প্রকার জমি যাতে পতিত না থাকে এ ব্যাপারে জনপ্রতিনিধিদের দৃষ্টি আকর্ষন করা হয়। | আমন ধান কর্তনে জনসচেতনতা বৃদ্ধির জন্য উপজেলা কৃষি কর্মকর্তা সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা কৃষি কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/৫ | মৎস্য বিভাগ | সি.উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান,জনবলের অভাবে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্যমাত্রা অর্জন করা অনেকটা কষ্টসাধ্য। সরকার নিহত জেলে বা স্থায়ী ভাবে অক্ষম জেলেদের আর্থিক সহায়তা নীতিমালা ২০১৯ প্রদান করেছেন।উক্ত নীতিমালার আওতায় যে সকল জেলে নিহত বা আহত হয়েছেন তাদেরকে নীতিমালা অনুসরন পূর্বক অত্র কার্যালয়ে আবেদন দাখিল করতে পারবেন।সংশ্লিষ্ট সকল সদস্য এবং ইউপি চেয়ারম্যান মহোদয়দের সহযোগিতা কামনা করা হয়। | নিহত জেলে বা স্থায়ী ভাবে অক্ষম জেলেদের আর্থিক সহায়তা নীতিমালা ২০১৯ সঠিকভাবে বাস্তবায়নের জন্য সি.উপজেলা মৎস্য কর্মকর্তা সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ সি. উপজেলা মৎস্য কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/৬ | প্রাণি সম্পদ বিভাগ | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা সভায় জানান, গবাদি পশুর চিকিৎসা ২০৭৫টি ,হাঁস মুরগীর চিকিৎসা ১৩১৪৫টি, কৃত্রিম প্রজনন ১৩০। গবাদি পশুর টিকা প্রদান ২০৭৫টি, হাঁস মুরগীর টিকা প্রদান ২৯,৮০০ টি, উন্নত জাতের ঘাস চাষ সম্প্রসারন ২ একর, উঠান বৈঠক আয়োজন ৬ টি। ভেকসিনেশন ক্যাম্পেইন ৬ টি। ভেটেরিনারী মেডিক্যাল ক্যাম্পেইন ১ টি। | গবাদি পশুর চিকিৎসা এবং টিকা প্রদান সহ অন্যান্য কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্টুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রাণী সম্পদ কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ | দুর্যোগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান, ২০২৩-২৪ | ২০২৩-২৪ অর্থবছরের | চেয়ারম্যান উপজেলা |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ৭ | ব্যবস্থাপনা ও ত্রান বিভাগ | অর্থবছরের কাবিটা/কাবিখা, টিআর সাধারন ১ম পর্যায়ের কাজ দ্রুততার সহিত শেষ করা এবং ২য় পর্যায়ের সাধারন কাবিটা/কাবিখা, টিআর কাজ যথাসময়ে প্রেরনের জন্য সকল ইউপি চেয়ারম্যানগনকে অনুরোধ করেন। বিভাগীয় কার্যক্রম সুষ্টুভাবে চলছে। | কাবিটা/কাবিখা, টিআর সাধারন ১ম পর্যায়ের কাজ এবং ২য় পর্যায়ের সাধারন কাবিটা/কাবিখা, টিআর কাজ এর ধারাবাহিকতা সুষ্টুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/৮ | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান, গোলাপগঞ্জ উপজেলার ১৮০ টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষা কার্যক্রম চলমান রয়েছে।আগামী ২২/১১/২৩ খ্রিঃ তারিখ হতে ৩০/১১/২০২৩ তারিখ পর্যন্ত সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ৩য় প্রান্তিক মূল্যায়ন/২০২৩ অনুষ্ঠিত হবে। | গোলাপগঞ্জ উপজেলার সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ৩য় প্রান্তিক মূল্যায়ন/২০২৩ সুষ্টুভাবে সম্পাদনের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তা সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা শিক্ষা কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/৯ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা একাডেমিক সুপারভাইজার সভায় জানান, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। ২০২৪ সালের নতুন বই ইতিমধ্যে আসা শুরু হয়েছে। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্টুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা মাধ্যমিক শিক্ষা কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/১০ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | সহকারি প্রকৌশলী (জনস্বাস্থ্য)সভায় জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্টুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/১১ | সমাজ সেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান, ২০২৩-২৪ অর্থবছরের ১ম কিস্তির পেরোল ইতিমধ্যে সকল উপকারভোগীর একাউন্টে পাঠানো হয়েছে যা এম এফ এস নগদের মাধ্যমে পাঠানো হয়। বিভিন্ন মাধ্যমে জানা যায় যে, প্রতারকচক্র ভাতাভোগীদের মোবাইল (হিসাব) নম্বরে ফোন করে ওটিপি নম্বর নিয়ে ভাতার টাকা হ্যাক করে নিয়ে যাচ্ছে, যা কোন ভাবে কাম্য নয়। এভাবে সম্মানিত ইউপি চেয়ারম্যানদেরকে জনসচেতনতা তৈরি ও উপকারভোগীদের কোন তথ্য কারো সাথে শেয়ার না করার জন্য অনুরোধ করা হলো।উল্লেখ্য যে, উপজেলা সমাজসেবা কার্যালয় থেকে মোবাইল ফোনে কোন উপকারভোগীর তথ্য চাওয়া হয়না। তাছাড়া বিভাগের অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলছে। | সামাজিক নিরাপত্তার উপকার ভোগীদের সার্বিক সেবা কার্যক্রম সুচারুভাবে সম্পন্নের জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তা সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা সমাজসেবা কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/১২ | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, ১ লা নভেম্বর, ২০২৩ জাতীয় যুব দিবস পালন করা হয়। চলমান মাসে ৪ জন যুব/যুব মহিলাকে ২,১০,০০০/- যুব ঋণ বিতরন করা হয়।২ জনকে সাভারে রিসিপশন ও অফিস মেনেজমেন্ট প্রশিক্ষনে প্রেরন করা হয়েছে। | যুব কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্টুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন । পরবর্তী ঋণ প্রদান ও প্রশিক্ষন | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা যুব উন্নয়ন কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | | সংক্রান্ত বিষয়ে উপজেলা পরিষদকে আবশ্যিকভাবে সম্পৃক্ত করতে হবে। | |
| ২/ ১৩ | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, ২০২৩-২৪ অর্থবছরে ঋণ বিতরনের পরিমাণ ১৪.৮৬ লক্ষ টাকা। আদায়ের পরিমাণ ৩১.০৭ লক্ষ টাকা। | ঋণ আদায়ের হার বাড়ানোর জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা পল্লী উন্নয়ন কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ১৪ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান, সমবায় সমিতি ২০২২-২৩ নিরীক্ষা সনের বার্ষিক অডিট কার্যক্রম চলমান আছে।নভেম্বর/২৩ পর্যন্ত ৬৬ টি সমিতির অডিট কার্য সম্পন্ন হয়েছে।চলতি মাসে নতুন ৪ টি সমবায় সমিতি নিবন্ধিত হয়েছে।২০ জন মহিলাকে ২ মাস ব্যাপি টেইলারিং প্রশিক্ষন প্রদান করা হয়েছে এবং ৫ টি সমিতি পরিদর্শন করা হয়েছে। | ২০২২-২৩ নিরীক্ষা সনের বার্ষিক অডিট কার্যক্রম সুষ্টুভাবে সম্পন্নের জন্য উপজেলা সমবায় কর্মকর্তা সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা সমবায় কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ১৫ | খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান, অভ্যন্তরীন আমন ধান চাল সংগ্রহ/২০২৩-২৪ সংগ্রহ কার্যক্রম ২৩/১১/২০২৩ খ্রিঃ থেকে ২৯/০২/২০২৪ খ্রিঃ পযৃন্ত চলবে। কৃষকের অ্যাপের মাধ্যমে ধান সংগ্রহ হবে।৩০/১১/২০২৩ খ্রিঃ পযৃন্ত কৃষকের অ্যাপে নিবন্ধন ও আবেদন করা যাবে। খাদ্য গুদামে দান সংগ্রহের জন্য গোলাপগঞ্জ উপজেলায় মাইকিং করা হবে। প্রতি মন ধানের মূল্য ১২০০/- | খাদ্য বান্ধব কর্মসূচীর ধারাবাহিকতা অব্যাহত রাখা সহ বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্টুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক/সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ১৬ | মহিলা বিষয়ক অধিদপ্ত র | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান, বিভাগীয় কার্যক্রম সুষ্টুভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা সুষ্টুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা মহিলা বিষয়ক কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ১৭ | বন বিভাগ | ফরেষ্টার, সামাজিক বনায়ন কেন্দ্র সভায় জানান, বিভাগীয় কার্যক্রম সুষ্টুভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা সুষ্টুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা বন কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ১৮ | ডিজিএ ম পল্লীবি দ্যুৎ | ডিজিএম পল্লীবিদ্যুৎ সভায় জানান, বর্তমানে পল্লীবিদ্যুৎ সমিতি গোলাপগঞ্জ এ রাইট অফওয়ে এবং রক্ষনাবেক্ষন কাজ চলমান।বিভিন্ন লাইনে লেগে থাকা বা পাশে ঝুকিপূর্ণ গাছ কর্তনে বাধা আসে। ট্রান্সফর্মার চুরি রোধে জনসচেতনতা এবং ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান গণের সার্বিক সহযোগিতা কামনা করছি। | ট্রান্সফর্মার চুরি রোধে জনসচেতনতা বৃদ্ধির বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ ডিজিএম /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ১৯ | শাখা ব্যব স্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক | শাখা ব্যবস্থাপক সভায় জানান, গত জুলাই/২৩ ইং পর্যন্ত ঋণ বিতরনের লক্ষমাত্রা ৫ কোটি ৮৩ লক্ষ টাকা। অর্জন ৩ কোটি টাকা। হার ৫০%।ঋণ আদায়ের লক্ষমাত্রা জুলাই/২৩-অক্টোবর/২৩ পযৃন্ত ৬ কোটি ৩৩ লক্ষ টাকা অর্জন হয়েছে প্রায় ৩ কোটি টাকা। হার ৪৬%। | ঋণ আদায়ের লক্ষমাত্রা বাড়ানোর জন্য শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলাপরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/ শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |

CS CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ২/২০ | পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন বিভাগ | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা সভায় জানান, ২০২৩-২৪ অর্থবছরে ঋণ বিতরন ৭৫.০০ লক্ষ টাকা, ঋণ আদায় ৯৫ লক্ষ ১৩ হাজার টাকা। আদায়ের হার ৯৯%।সুফলভোগীদের সঞ্চয় জমার পরিমাণ ১ কোটি ১১ লক্ষ ৯৫ হাজার টাকা। | ঋণ আদায়ের লক্ষমাত্রা বাড়ানোর জন্য পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলাপরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/২১ | বিএডিসি বিভাগ | উপসহকারী প্রকৌশলী সভায় জানান, ২০২৩-২৪ অর্থবছরে ২৫ টি সেচ স্কীম চলবে এবং ১ টি নতুন সেচ স্কীম স্থাপন করা হবে। এছাড়াও দক্ষ কৃষকের জন্য কিছু সংখ্যক ব্যাচ ট্রেনিং করানো হবে। | ২০২৩-২৪ অর্থবছরে ২৫ টি সেচ স্কীম বাস্তবায়ন এবং নতুন সেচ স্কীম স্থাপনের কাজ সুষ্টুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকৌশলী/উপসহকারী প্রকৌশলী বিএডিসি /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| | বিবিধ | ক) উপজেলা পরিষদের ময়লা আবর্জনা ও মাঠ পরিস্কার বাবদ ২৪,৭৫০/-এবং পরিষদের জীপ গাড়ি মেরামত বাবদ ২১০৪০/-,মুজিব বর্ষের ঘর নির্মাণের অবশিষ্ট ৯১৫১৪/-, কুশিয়ারা এবং পুরবী ভবনের পানির পাম্প মেরামত বাবদ ৪৯৭০০/-, কনফারেন্স রুমের টেবিল ও মাইক্রোফোন ক্রয় বাবদ ৩৩৪০০/- বিল নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | ক) উপজেলা পরিষদের ময়লা আবর্জনা ও মাঠ পরিস্কার বাবদ ২৪,৭৫০/-এবং পরিষদের জীপ গাড়ি মেরামত বাবদ ২১০৪০/-,মুজিব বর্ষের ঘর নির্মাণের অবশিষ্ট ৯১৫১৪/-, কুশিয়ারা এবং পুরবী ভবনের পানির পাম্প মেরামত বাবদ ৪৯৭০০/-, কনফারেন্স রুমের টেবিল ও মাইক্রোফোন ক্রয় বাবদ ৩৩৪০০/- বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।। | ক) চেয়ারম্যান উপজেলাপরিষদ/উপজেলা নির্বাহী অফিসার /সহকারি কমিশনার (ভুমি), উপজেলা প্রকৌশলী,সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান ও সদস্যবৃন্দ<br>খ) চেয়ারম্যান উপজেলাপরিষদ / উপজেলা নির্বাহী অফিসার/সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| বিগত সভার নিয়মিত রাজস্ব ব্যয় অনুমোদন ও অবহিতকরন | | জনাব রাহেল আহমদের অনুকূলে বুক সেলফ ক্রয় বাবদ ২৪৯০০/-, ৪টি ভিজিটর ক্রয় বাবদ ২৫০০০/-, স্থানীয় সরকার দিবস উদযাপন উপলক্ষ্যে ২৫০০০/-, সিসি ক্যামেরা সরঞ্জাম ক্রয় বাবদ ২৫০০০/-,সিসি ক্যামেরা মেরামত ও সরঞ্জাম ক্রয় বাবদ ২০৮৫০/-, অফিস সরঞ্জাম ক্রয় বাবদ ২৪৯০০/-, অফিস সরঞ্জাম ক্রয় বাবদ ২৪৭০০/-, অফিস সরঞ্জাম মেরামত বাবদ ২৪৭০০/-চেক প্রদান চেক নং৭৩৮৯৩৮৪-৬ তাং১/১০/২৩ চেক নং৭৩৮৯৩৮৭-৮ তাং২/১০/২৩, চেক নং৭৩৮৯৩৮৯-৯১ তাং৫/১০/২৩, বাংলাদেশ প্রতিদিন সহ অন্যান্য পত্রিকার বিল বাবদ (২০,৩০৪/-+৯৭৯০/-+৩৫৯০০/-+৫০৭৬০/-+২৫৭৪৮/-+৫০৭৬০/-+১৫৬৪০/-+৩৩৭৬৪/-+১৯৩১১/-+৩৩৮৪০/-চেক প্রদান চেক নং ৭৩৮৯৩৯২-০১ তাং ১৯/১০/২৩।পত্রিকার ভ্যাট ওআয়কর বাবদ ৪৭২০৫/-+১২৫৯১/-+৬২৯৬/-চেক প্রদান চেক নং৭৩৮৯৪০২-০৪। রাহেল আহমদ এর অনুকূলে ইন্টারনেট বিল বাবদ | বিগত বিভিন্ন সভায় উপজেলা পরিষদ তহবিল হতে ব্যয় মাসিক সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়েছে সেগুলোর চেক বিভিন্ন ব্যক্তি/প্রতিষ্টানের অনুকুলে বিভিন্ন সময়ে হস্তান্তর করা হয়েছে যা সভায় উপস্থিত সকলকে অবহিত করা | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |

CS CamScanner

| | | | |
|---|---|---|---|
| | ১২০০০/- চেতক প্রদান। চেক নং৭৩৮৯৯৪০৬ তাং ১৯/১০/২৩।জীপ গাড়ির জ্বালানী বাবদ ৪১১৩৮/- চেক প্রদান চেক নং ৭৩৮৯৪০৭ তাং২২/১০/২৩।আনছার পোষ্ট নির্মানের ব্যয় বাবদ২০২৬৪৯/- চেক প্রদান চেক নং ৭৩৮৯৪১০ তাং ২২/১০/২৩।বকেয়া বিদ্যুৎ বিল বাবদ ৯০৩৩৫/-চেক প্রদান চেক নং৭৩৮৯৪১৩ তাং২৬/১০/২৩। | হয়। | |

সভাপতি জনাব মঞ্জুর কাদির শাফি গোলাপগঞ্জ উপজেলার সার্বিক উন্নয়ন কমকান্ড নিয়ে আলোচনার জন্য উপজেলা নির্বাহী অফিসার, ইউপি চেয়ারম্যান, বিভাগীয় প্রধান এবং সভা সংশ্লিষ্ট অন্যান্য সদস্যগণকে পরিষদের পক্ষ থেকে ধন্যবাদ জানান। শিশুদেরকে সুস্বাস্থ্যের অধিকারী করা, মেধাবী হিসাবে গড়ে তোলা এবং ছেলে হোক মেয়ে হোক একটি বাচ্চাও যাতে তার অধিকার থেকে বঞ্চিত না হয় এবংসততা নিষ্টার সাথে কাজ করার পরিকল্পনা নিয়ে সামনের দিকে এগিয়ে যাওয়ার প্রত্যয় নিয়ে ২০৪১ সালের মধ্যে উন্নত সমৃদ্ধ স্বপ্নের সোনার বাংলা গড়ার আশা ব্যক্ত করেন। উপজেলার সার্বিক উন্নয়নের ধারাবাহিকতা অব্যাহত রাখতে সিদ্ধান্তের ভিত্তিতে অগ্রগতি প্রতিবেদন এবং কার্যপত্র প্রস্ততের নিমিত্ত উন্নয়ন কর্মকান্ডের তালিকা প্রতি মাসের ৩০ তারিখের মধ্যে সংশ্লিষ্ট কার্যালয়ে প্রেরণের জন্য জনপ্রতিনিধি ও সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানদের অনুরোধ করেন।অত:পর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে উপজেলা পরিষদের মাসিক সাধারন সভার সমাপ্তি ঘোষনা করেন।

মঞ্জুর কাদির শাফি
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
গোলাপগঞ্জ, সিলেট

স্মারকনং-০৫.৪৬.৯১৩৮.০০০.১৬.০০১.১৯.৭৯৬

তারিখঃ ১৩/১১/২০২৩ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতির জন্যঃ

০১। মাননীয় সংসদ সদস্য, ২৩৪, সিলেট-৬ (গোলাপগঞ্জ-বিয়ানীবাজার)।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যৈষ্ঠতার ক্রমানুসারে নহে)

০১।সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৩। জেলা প্রশাসক, সিলেট।
০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ, সিলেট।
০৫। মেয়র, গোলাপগঞ্জ পৌরসভা।
০৬। নির্বাহী প্রকৌশলী------------------------------ সিলেট।
০৭। উপজেলা----------------------------------------- অফিসার, গোলাপগঞ্জ, সিলেট।
০৮। চেয়ারম্যান---------------------------------------- ইউপি (সকল), গোলাপগঞ্জ।
০৯। অফিস নথি/ মাষ্টার ফাইল।

মৌসুমী মান্নান
উপজেলা নির্বাহী অফিসার
ও
মূখ্য নির্বাহী কমকর্তা
গোলাপগঞ্জ উপজেলা পরিষদ
সিলেট।
email:unogolapganj@mopa

পরিশিষ্ট "ক" সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

| ক্র.নং | সভায় সম্মানিত সদস্যবৃন্দ | সভায় উপস্থিত প্রতিনিধিবৃন্দ | সভায় উপস্থিত সদস্যবৃন্দ |
|---|---|---|---|
| ০১ | চেয়ারম্যান , উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ০২ | মুখ্য নির্বাহী কর্মকর্তা, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ০৩ | মহিলা ভাইসচেয়ারম্যান, উপজেলা পরিষদ | - | স্বাক্ষরিত |
| ০৪ | চেয়ারম্যান, ০৬ নং ঢাকাদক্ষিন ইউপি | - | স্বাক্ষরিত |
| ০৫ | চেয়ারম্যান, ০৯ নং লক্ষনাবন্দ ইউপি | - | স্বাক্ষরিত |
| ০৬ | চেয়ারম্যান, ০৮ নং ভাদেশ্বর ইউপি | - | স্বাক্ষরিত |
| ০৭ | চেয়ারম্যান, ১০ নং বাদেপাশা ইউপি | - | স্বাক্ষরিত |
| ০৮ | চেয়ারম্যান, ০৪ নং লক্ষীপাশা ইউপি | - | স্বাক্ষরিত |
| ০৯ | চেয়ারম্যান, ০৯ নং পশ্চিম আমুড়া ইউপি | - | স্বাক্ষরিত |
| ১০ | চেয়ারম্যান, ০২ নং গোলাপগঞ্জ ইউপি | - | স্বাক্ষরিত |
| ১১ | চেয়ারম্যান, ০৫ নং বুধবারীবাজার ইউপি | - | স্বাক্ষরিত |
| ১২ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ১৩ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ১৪ | উপজেলা কৃষি কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ১৫ | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ১৬ | উপজেলা প্রকৌশলী | - | স্বাক্ষরিত |
| ১৭ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ১৮ | উপজেলা শিক্ষা কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ১৯ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২০ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২১ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২২ | উপজেলা পল্লীউন্নয়ন কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২৩ | উপজেলা সমবায় কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২৪ | ডিজিএম পল্লীবিদ্যুৎ | - | স্বাক্ষরিত |
| ২৫ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২৬ | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২৭ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক | - | স্বাক্ষরিত |
| ২৮ | উপসহকারী প্রকৌশলী বিএডিসি | - | স্বাক্ষরিত |
| ২৯ | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) | - | স্বাক্ষরিত |
| ৩০ | ফরেষ্টার,সামাজিক বনায়ন কেন্দ্র | - | স্বাক্ষরিত |

সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

| ক্র.নং | সভার সদস্যবৃন্দ | মন্তব্য |
|---|---|---|
| ১ | মেয়র, গোলাপগঞ্জ পৌরসভা | |
| ২ | ভাইসচেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ | |
| ৩ | চেয়ারম্যান, ৩ নং ফুলবাড়ি ইউপি | |
| ৪ | চেয়ারম্যান, ১১ নং শরীফগঞ্জ ইউপি | |
| ৫ | চেয়ারম্যান, ১ নং বাঘা ইউপি | |
| ৬ | সংরক্ষিত মহিলা সদস্য,সংরক্ষিত আসন নং ০৩ | |
| ৭ | সংরক্ষিত মহিলা সদস্য,সংরক্ষিত আসন নং ০২ | |

CamScanner